ঢাকা-১৮ আসনে জয়ী আওয়ামী লীগ প্রার্থী হাবিব হাসান

চেম্বার ডেস্ক:: ঢাকা-১৮ আসনের উপনির্বাচনে বেসরকারীভাবে আওয়ামী লীগ প্রার্থী হাবিব হাসান জয়ী। ভোট গণনা শেষে সংবাদ সম্মেলনে রিটার্নিং কর্মকর্তা জি এম সাহাতাব উদ্দিন চূড়ান্ত ফলাফল ঘোষণা করেন।

তিনি জানান, উপনির্বাচনে ২১৭ কেন্দ্রের মধ্যে হাবিব হাসান নৌকা প্রতীকে ৭৫,৮২০ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির প্রার্থী এস এম জাহাঙ্গীর হোসাইন পেয়েছেন ৫,৩৬৯ ভোট। নির্বাচনে ১৪.১৮ শতাংশ ভোট পড়েছে। ৫,৭৭,১১৬ টি ভোটের মধ্যে মোট ভোট পড়েছে ৮১,৮১৮টি।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) ঢাকা-১৮ সংসদীয় আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত টানা ভোটগ্রহণ করা হয়।